৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার লেটার নং-০৬

১৯ মাঘ, ১৪৩১
তারিখ: ---------------------
০২ ফেব্রুয়ারি, ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক
(শরীয়াহ্ ভিত্তিক পরিচালিত ব্যাংক ব্যতীত)

প্রিয় মহোদয়,

**'জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম'-এর আওতায় সঞ্চয় স্কিমসমূহের লেনদেন কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ১৭ নভেম্বর, ২০২১ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০২.১৮-৫৯৫ এর বিষয়ে এ বিভাগ কর্তৃক ইস্যুকৃত ২৩ নভেম্বর, ২০২১ তারিখের পত্র নং-ডিএমডি/এসবি/২০/২০২১-২০৬৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত স্মারকের অনুবৃত্তিক্রমে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ২৬ জানুয়ারি, ২০২৫ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০২.১৮-৫৯৮ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(ইস্তেকমাল হোসেন)
পরিচালক (ডিএমডি)
ফোন: ৯৫৩০১৩১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
**বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-৩**
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০২.১৮-৫৯৮

তারিখ: ১২ মাঘ ১৪৩১ / ২৬ জানুয়ারি ২০২৫

বিষয়: **'জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম'-এর আওতায় সঞ্চয় স্কিমসমূহের লেনদেন কার্যক্রম পরিচালনা।**

সূত্র: ১। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৯.১২.২০২৪ তারিখের ০৮.০০.০০০০.০৪১.২২.০০৪.২০-১৫৬ নং স্মারক
২। অর্থ বিভাগের ১৭.১১.২০২১ তারিখের ০৭.০০.০০০০.১০৩.১৮.০০২.১৮-৫৯৫ নং স্মারক

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেমের আওতায় পরিচালনা সংক্রান্ত অর্থ বিভাগের ১৭.১১.২০২১ তারিখে জারিকৃত ০৭.০০.০০০০.১০৩.১৮.০০২.১৮-৫৯৫ নম্বর স্মারকপত্রের 'ম্যানুয়াল পদ্ধতিতে ইস্যুকৃত বন্ডসমূহ মেয়াদোত্তীর্ণ হলে স্বয়ংক্রিয়ভাবে পুনর্বিনিয়োগ সুবিধা প্রদান করা যাবে না' এই অংশটুকু নির্দেশক্রমে বাতিল করা হলো।

Bangladesh Bank
Head Office, Dhaka.
Debt Management Department
Director (DMD)
27 JAN 2025
Additional Director-1. 2. 3. 4. 5
System Generated No-353


26.01.2025
(মোঃ মশিউর রহমান তালুকদার)
উপসচিব
☎২২২৩৩১৮৬
ই-মেইল: moshiur789@yahoo.com


সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি:**

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা
২. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, এনএসসি টাওয়ার (১৮ তলা), পুরানা পল্টন, ঢাকা
৩. জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), এসপিএফএমএস কর্মসূচি, আইইবি হেড কোয়ার্টার, ঢাকা
৪. সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মহাব্যবস্থাপক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা

CamScanner

২১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

মুজিব MUJIB 100

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
(সঞ্চয়বন্ড শাখা)

সূত্র নং-ডিএমডি/এসবি/২০/২০২১-২০৬৮

তারিখ : ২৩ নভেম্বর ২০২১

**ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী**
সঞ্চয়বন্ড এর সেবা প্রদানকারী সকল তফসিলি ব্যাংক

**'জাতীয় সঞ্চয়স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম' এর আওতায় সঞ্চয়বন্ড (ওয়েজ আর্নারি ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এবং ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড) এর লেনদেন কার্যক্রম অনলাইনে পরিচালনার জন্য প্রস্তুতকৃত মডিউল চালুকরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

আপনারা অবগত আছেন যে, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন 'স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (এসপিএফএমএস)' শীর্ষক কর্মসূচীর আওতায় প্রণীত 'জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম' এর মাধ্যমে সঞ্চয়বন্ড এর লেনদেন কার্যক্রম পরিচালনার জন্য একটি নতুন মডিউল প্রস্তুত করা হয়েছে। সঞ্চয়বন্ডের লেনদেন কার্যক্রমের সাথে জড়িত আপনাদের ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তাদের এসপিএফএমএস কর্তৃক বর্ণিত মডিউল এর উপর প্রশিক্ষণ প্রদান এবং অফিস ম্যাপিংসহ প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে।

০২। এক্ষণে, আগামী ৩০ নভেম্বর ২০২১ তারিখ হতে ওয়েজ আর্নারি ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এবং ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড এর যাবতীয় কার্যক্রম 'জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম' এর অধীনে প্রস্তুতকৃত নতুন মডিউল এর মাধ্যমে সম্পাদনের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো। এ লক্ষ্যে নিম্নলিখিত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে:

ক) ৩০ নভেম্বর ২০২১ তারিখ বা তৎপরবর্তী সময়ে ম্যানুয়াল পদ্ধতিতে ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এবং ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড ইস্যু করা যাবে না। 'জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম' এর URL https://ibas.finance.gov.bd/nsd ব্যবহার করে শুধুমাত্র অনলাইনে সঞ্চয়বন্ড ইস্যু করতে হবে;

খ) ম্যানুয়াল পদ্ধতিতে ইস্যুকৃত বন্ডসমূহ ৩০ নভেম্বর ২০২১ তারিখ বা তৎপরবর্তী সময়ে মেয়াদোত্তীর্ণ হলে স্বয়ংক্রিয়ভাবে পুনঃবিনিয়োগ সুবিধা প্রদান করা যাবে না। তবে ম্যানুয়াল পদ্ধতিতে ইস্যুকৃত বন্ডের নগদায়নকৃত অর্থ দ্বারা বন্ড ক্রয়ের জন্য যোগ্য বিনিয়োগকারীর নামে অনলাইনে বন্ড ইস্যু করা যাবে;

গ) 'জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম' এ বিনিয়োগকারীর জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর 'Unique Identification Number' হিসেবে ব্যবহৃত হবে, যার ভিত্তিতে সঞ্চয়বন্ডসহ প্রযোজ্য অন্যান্য সঞ্চয়স্কিমে বিনিয়োগের পরিমাণ যাচাইপূর্বক স্ল্যাবভিত্তিক মুনাফা প্রদান করা হবে।

০৩। প্রসঙ্গত উল্লেখ্য, সঞ্চয়বন্ডের লেনদেন বিষয়ে আপনাদের ব্যাংকে পাইলটিং ভিত্তিতে চলমান Government Savings Instrument Management System (GSIMS) শীর্ষক সফটওয়্যারের কার্যক্রম আগামী ৩০ নভেম্বর ২০২১ তারিখ হতে স্থগিত করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ রেজাউল হাসান)
যুগ্ম পরিচালক
ফোন: ৯৫৩০১৯০।

o/c

ফোন ঃ ৮৮-০২-৯৫৫০৪৪৮, ৯৫৫৪৮৯৬, আইপি ঃ ৮৮-০২-৫৫৬৬৫০০১-৬, ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৩০৪৭৯, www.bb.org.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-৩
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০২.১৮-৫৯৫

তারিখঃ ২ অগ্রহায়ণ ১৪২৮ / ১৭ নভেম্বর ২০২১

বিষয়: **'জাতীয় সঞ্চয়স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম'-এর আওতায় ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড ও ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড-এর লেনদেন কার্যক্রম অনলাইনে পরিচালনার জন্য প্রস্তুতকৃত মডিউল চালুকরণ।**

সূত্রঃ এসপিএফএমএস কর্মসূচি কার্যালয়ের স্মারক নং-০৭.০০.০০০০.০০০.৩৪.০৩৪.২১-১১৯; তারিখ ১৪.১১.২০২১

অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন 'স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (এসপিএফএমএস)' শীর্ষক কর্মসূচির আওতায় প্রণীত 'জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম'-এর মাধ্যমে সঞ্চয়বন্ড-এর লেনদেন কার্যক্রম পরিচালনার জন্য একটি নতুন মডিউল প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত মডিউলটি বাণিজ্যিক ব্যাংকের বিভিন্ন শাখার মাধ্যমে সফলভাবে পাইলটিং কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে সঞ্চয় বন্ডের লেনদেন কার্যক্রমের সাথে জড়িত সকল ব্যাংকের প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তাসহ বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তাদের বর্ণিত মডিউল-এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাছাড়া, অফিস ম্যাপিংসহ প্রয়োজনীয় সকল প্রস্তুতি সম্পন্ন হওয়ায় মডিউলটি খুব শীঘ্রই সকল ইস্যু অফিসে পূর্ণাঙ্গভাবে চালু করা প্রয়োজন।

২। ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড ও ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড এর যাবতীয় কার্যক্রম পূর্ণাঙ্গভাবে অনলাইনে সম্পাদনের লক্ষ্যে ইস্যু অফিসসমূহকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে:

(ক) পূর্ণাঙ্গভাবে চালুর তারিখ বা তৎপরবর্তী সময়ে ম্যানুয়াল পদ্ধতিতে ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড ও ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড ইস্যু করা যাবে না। 'জাতীয় সঞ্চয়স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম'-এর URL https://ibas.finance.gov.bd/nsd ব্যবহার করে শুধুমাত্র অনলাইনে সঞ্চয়বন্ড ইস্যু করা যাবে;

(খ) ম্যানুয়াল পদ্ধতিতে ইস্যুকৃত বন্ডসমূহ উক্ত তারিখ বা তৎপরবর্তী সময়ে মেয়াদোত্তীর্ণ হলে স্বয়ংক্রিয়ভাবে পুনর্বিনিয়োগ সুবিধা প্রদান করা যাবে না। তবে ম্যানুয়াল পদ্ধতিতে ইস্যুকৃত বন্ডের নগদায়নকৃত অর্থ দ্বারা বন্ড ক্রয়ের জন্য যোগ্য বিনিয়োগকারীর নামে অনলাইন বন্ড ইস্যু করা যাবে;

(গ) 'জাতীয় সঞ্চয়স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম'-এ বিনিয়োগকারীর জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর 'Unique Identification Number' হিসেবে ব্যবহৃত হবে, যার ভিত্তিতে সঞ্চয়বন্ডসহ প্রযোজ্য অন্যান্য সঞ্চয়স্কিমে বিনিয়োগের পরিমাণ যাচাইপূর্বক স্ল্যাবভিত্তিক মুনাফা প্রদান করা হবে;

৩। প্রসঙ্গত উল্লেখ্য, সঞ্চয়বন্ডসমূহের জন্য প্রস্তুতকৃত মডিউলটি সকল ইস্যু অফিসে চালু করা এবং বহুল প্রচারণার লক্ষ্যে একটি ভার্চুয়াল উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা প্রয়োজন। বাংলাদেশ ব্যাংকের গভর্নর মহোদয় প্রধান অতিথি; অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সচিব এবং অর্থ বিভাগের সিনিয়র সচিব মহোদয়গণ বিশেষ অতিথি এবং অন্যান্য স্টেকহোল্ডারগণের অংশগ্রহণ অনুষ্ঠানটিকে সফল করে তুলবে। বর্ণিত মডিউল দ্রুততম সময়ে চালু করা সম্ভব হলে ৯টি সঞ্চয়স্কিমকে একটি অনলাইন প্লাটফর্মে আনা সম্ভব হবে।

৪। বর্ণিত প্রেক্ষাপটে, ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এবং ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড-এর লেনদেন কার্যক্রম অটোমেশনের জন্য 'জাতীয় সঞ্চয়স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম'-এর আওতায় নতুন উন্নয়নকৃত মডিউলটি সকল ইস্যু অফিসে নভেম্বর মাসের সুবিধাজনক সময়ে চালু (Scaleup) করার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একইসাথে আয়োজিতব্য ভার্চুয়াল উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণের সদয় সম্মতি জ্ঞাপনসহ অনুষ্ঠানের তারিখ ও সময় নির্ধারণের জন্যও অনুরোধ করা হলো।

১৭.১১.২০২১
(মোঃ তৌহিদুল ইসলাম)
উপসচিব
☎ ২২৩৩১৮৬
ই-মেইল: touhiduli@finance.gov.bd

| গভর্নর মহোদয়ের দপ্তর, বাংলাদেশ ব্যাংক | |
|---|---|
| ডাইরী নং- ৯৩০৯ | তারিখ: ১৮/১১/২০২১ |
| ডেপুটি গভর্নর-১ | ☐ জরুরী |
| ডেপুটি গভর্নর-২ | ☐ দ্রুত ব্যবস্থা নিন |
| ডেপুটি গভর্নর-৩ | ☐ দ্রুত আলোচনা করুন |
| ডেপুটি গভর্নর-৪ | ☐ পর্যালোচনাপূর্বক উপস্থাপন করুন |
| নির্বাহী পরিচালক- | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| জিএম | ☐ উপস্থাপন করুন |
| | স্বাক্ষর: |

গভর্নর
বাংলাদেশ ব্যাংক
মতিঝিল, ঢাকা

২১/১১/২০২১

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:**

১. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), এসপিএফএমএস কর্মসূচি, আইইবি হেড কোয়ার্টার, ঢাকা
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মহাব্যবস্থাপক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা

নির্বাহী পরিচালক-১

মহাব্যবস্থাপক-DMD

D:\Data_29 Aug2019\Hdd_d\BUDGET-3_2014\SPFMS_Program\LETTER_SPFMS.doc